

## রমজানে পর্যটক খরায় সাগরকন্যা কুয়াকাটা

- A Monitor Desk Report

Date: 19 March, 2025



**পটুয়াখালি :** রমজান মাসের শুরু থেকেই পর্যটকদের আনাগোনা নাই বললেই চলে সাগরকন্যা কুয়াকাটায়। চিরাচরিত ব্যস্ততা ও পর্যটকে মুখরিত সৈকতে সমুদ্রের লাভণ্যে মুগ্ধ হয়ে যে পর্যটকরা সময় কাটাতেন, সেখানে এখন নীরবতা বিরাজ করছে।

সরেজমিন ঘুরে দেখা যায়, হোটেল ও রিসোর্টগুলোতে নেই কোনো পর্যটকদের সমাগম। কর্মচারীরাও অলস সময় পার করছেন। তবে কিছু কিছু হোটেল-মোটেল ও রিসোর্টে চলছে ধোয়া মোছা, রং করাসহ বিভিন্ন সংস্কার কাজ।

কুয়াকাটা ব্যবসায়ী ও হোটেল মালিকরা জানান, রমজান মাসের কারণে বেশিরভাগ পর্যটক আগমন কমে গেছে। এই সময়ে ধর্মীয় কারণে অনেকেই বের হতে পছন্দ করছেন না। তবে আশা প্রকাশ করেছেন, ঈদের পর পর্যটকদের আগমন বাড়বে এবং কুয়াকাটা আবারও আগের মতো প্রাণচাঞ্চল্যে ভরপুর হয়ে উঠবে।

এদিকে কোনো ধরনের বেচাকেনা না থাকায় দোকানগুলোতে চলছে ধোয়া মোছার কাজ। সৈকতে পর্যটকদের ছবি তুলে দেওয়া ক্যামেরাম্যানরাও অলস সময় পার করছেন। তবে সঠিকভাবে নিজেদের দায়িত্ব পালন করছে ট্যুরিস্ট পুলিশ।

স্থানীয় দোকানি ও ব্যবসায়ীরা জানান, রমজানের শুরু থেকেই পর্যটকের সংখ্যা কমে যাওয়ায় তাদের ব্যবসা খারাপ হচ্ছে। আগে এখানে সারাক্ষণ ভিড় থাকত, আর এখন সময় কাটানোর জন্য অনেকেই ঘুমিয়ে ঘাকেন। পর্যটন ব্যবসায়ীদের পাশাপাশি গাইড, হোটেল কর্মচারী, সেলফি পয়েন্টের ফটোগ্রাফাররাও এক ধরনের হতাশার মধ্যে দিন কাটাচ্ছেন।

কুয়াকাটা ট্যুরিস্ট বোট মালিক সমিতির সভাপতি কেএম বাচ্চু জানান, রমজানের কারণে পর্যটকের আগমন অনেকটাই কমেছে। তবে ২৫ রমজান থেকে কিছুটা পর্যটক বৃদ্ধি পাবে এবং ঈদের পর লাখো পর্যটক কুয়াকাটায় আসবে বলে আশা করছি।

কুয়াকাটা হোটেল মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি এমএ মোতালেব শরীফ বলেন, প্রতি বছর রমজানে পর্যটকদের উপস্থিতি কমে

যায় এটাই স্বাভাবিক। কিন্তু এ বছর তুলনামূলক একটু বেশিই কম। তবে ঈদের সময় পর্যটকদের ভালো একটা উপস্থিতি আমরা আশা করছি।

ট্যুরিস্ট পুলিশ কুয়াকাটা জোনের পরিদর্শক সাখাওয়াত হোসেন তপু জানান, যদিও বর্তমানে সৈকতে পর্যটক নেই, তাদের টহল টিম এখনও দায়িত্ব পালন করছে। রমজানের শেষে পর্যটকদের আগমন বাড়বে বলেই আমাদের ধারণা।

**-B**